দৈনিক আমাদের সময়

তারিখ: 18 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ৪

# শিক্ষার্থীদের অনশন ভাঙালো জাবি প্রশাসন

জাবি প্রতিনিধি ●
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) চলমান সংকটের সম্মানজনক সমাধানের আশ্বাস দিয়ে শিক্ষার্থীদের অনশন ভাঙিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে আগামী সাত দিনের মধ্যে আশ্বাসের দৃশ্যমান অগ্রগতি না হলে ফের আন্দোলনে নামার ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা।

গতকাল সোমবার রাত পৌনে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মো. আমির হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ আহমদ এবং সাধারণ সম্পাদক ফরিদ আহমেদসহ অন্য শিক্ষকরা অনশনরত শিক্ষার্থীদের পানি পান করিয়ে অনশন ভাঙান।

উপাচার্যের বাসভবন ভাঙচুর ও শিক্ষক লাঞ্ছনার অভিযোগে শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবিতে গত শনিবার থেকে অনশন পালন করে আসছিলেন কয়েকজন শিক্ষার্থী।

অনশন এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## শিক্ষার্থীদের অনশন

(৩ এর পৃষ্ঠার পর) ভাঙার পর শিক্ষার্থীরা শহীদমিনারে প্রতিবাদী পথনাটক 'একটি ননফিকশন' প্রদর্শন করেন। এরপর রাত ৮টা ২০ মিনিটে সার্বিক পরিস্থিতি নিয়ে ব্রিফ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মো. আমির হোসেন বলেন, আমাদের সন্তানরা না খেয়ে থাকবে তা আমাদের ভালো লাগেনি। একটা মনোবেদনা-মনোপীড়া আমাদের ছিল। এর মধ্যে শিক্ষক সমিতি এসে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অনশনরত এবং আন্দোলনরত শিক্ষার্থীদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তিনি বলেন, আমাদের আশ্বাসে আশ্বস্ত হয়ে তারা অনশন প্রত্যাহার করেছে। আমি স্পষ্ট ভাষায় বলছি, এই পরিস্থিতিতে সম্মানজনক সমাধানের জন্য যা প্রয়োজন তাই ব্যক্তিগতভাবে আমি, কোষাধ্যক্ষ, শিক্ষক সমিতিসহ অন্যান্য শিক্ষক সর্বাত্মক চেষ্টা করবেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......
তারিখ.......
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা